# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**যুক্তিবিদ্যা প্রথম পত্র**

বিষয় কোড : | ১ | ২ | ১ |

**সৃজনশীল প্রশ্ন**

সময়-২ ঘন্টা ৩০ মিনিট | পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. যুক্তিবিদ্যার ক্লাস শেষে খোকন বললো, 'যুক্তিবিদ্যা প্রকৃত পক্ষেই কলা বিদ্যা।' সুমন এর বিরোধিতা করে বললো, 'যুক্তিবিদ্যা হলো একটি বিজ্ঞান। তাদের বিতর্কের এ পর্যায়ে পলি এসে বললো, 'যুক্তিবিদ্যা একটি আদি কলা ও সেরা বিজ্ঞান।'

ক. Logic শব্দটি কোন ভাষার শব্দ থেকে এসেছে? ১

খ. যুক্তিবিদ্যাকে আকারগত বিজ্ঞান বলা যায় কী? ২

গ. উদ্দীপকে যুক্তিবিদ্যা সম্পর্কে খোকন ও সুমন এর বিতর্কটি পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পলির বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২.▶দৃশ্যকল্প-১: আকবর আলী সীমিত লাভে ব্যবসা করেন। ওজনে সঠিক দেন। ফ্রেশ ফল বিক্রয় করেন। তিনি সব সময় যৌক্তিক চিন্তা ও কাজ করতে পছন্দ করেন। তিনি সত্যকে গ্রহণ করেন। অসত্যকে বর্জন করেন।

দৃশ্যকল্প-২: আঁখি চমৎকার ছবি আঁকে এবং গান শুনে, চমৎকার করে কথা বলে। সে মার্জিত পোশাক পরিধান করে। আসলে সে সুন্দরের পূজারী।

ক. যুক্তিবিদ্যার জনক কে? ১

খ. যুক্তিবিদ্যা একটি চিন্তার বিজ্ঞান- বুঝিয়ে লেখ। ২

গ. দৃশ্যকল্প-২ এ তোমার পাঠ্যবই এর কোন বিষয়ের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্প-১ এর যে দুটি বিষয়ের প্রতিফলন রয়েছে তাদের সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

৩. রাজন বললো, দ্রব্য মূল্য বৃদ্ধি পেলে দ্রব্যের চাহিদা যেমন কমে আবার দ্রব্যমূল্য কমলে চাহিদা বৃদ্ধি পায়। ফয়েজ বললো, যুক্তিবিদ্যার স্যারও যুক্তির উপাদান অধ্যায়ে এরূপ একটি বিষয় আলোচনা করেছেন।

ক. পদ কী? ১


খ. সকল শব্দই পদ নয় কেন? ব্যাখ্যা করো। ২

Teachingbd24.com

গ. উদ্দীপকে ফয়েজের বক্তব্যে যুক্তির উপাদান অধ্যায়ের যে বিষয়ের ইঙ্গিত আছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে রাজনের বক্তব্যে যে বিষয়গুলোর ইঙ্গিত আছে তাদের সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

৪. ▶




ক. সমৃন্ধ অনুসারে পদ কত প্রকার? ১

খ. 'বিপরীত পদ" ব্যাখ্যা করো। ২

গ. 'সদর্থক যুক্তিবাক্যের বিধেয় পদ অব্যাপ্য'- উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের বিষয়ের সাথে ব্যক্ত্যর্থের সম্পর্ক বেশ গভীর- আলোচনা করো। ৪

৫. ★ সকল দার্শনিক হয় মানুষ। আমিনুল ইসলাম একজন দার্শনিক। তিনি ১৯৪৫ সালের ১লা জানুয়ারি জন্মগ্রহণ করেন। তিনি কৌতুক প্রিয়। কৌতুক প্রিয়তার কারণে তিনি সকলের নিকট জনপ্রিয়।

ক. জাতি কী? ১

খ. কোন ধরনের যুক্তিবাক্যে বিধেয়ক থাকে না? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ১৯৪৫ সালের ১ জানুয়ারি কোন ধরনের বিধেয়ককে নির্দেশ করে? তোমার পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. কৌতুকপ্রিয় কোন ধরনের বিধেয়ক? তার শ্রেণিবিভাগ তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৬. ▶ পলাশ ও সুজন দুই বন্ধু। পলাশ সুজনকে ঠাট্টা করে বললো, বন্ধু সেদিন ক্লাসে স্যার বলেছেন, সকল মানুষ হয় স্বার্থপর মানে তুইও কিন্তু স্বার্থপর। এক পর্যায়ে সুজন পলাশকে হাসতে হাসতে বললো, আমি স্বার্থপর হলে, তুইও স্বার্থপর। ঠিকই বলেছিস এ দুনিয়ার সবাই স্বার্থপর।

ক. অনুমান কী? ১

খ. অমাধ্যম অনুমান কী প্রকৃত অনুমান? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে পলাশের বক্তব্যে কোন বিষয়টির প্রতিফলন ঘটেছে? বিশ্লেষণ করো। ৩

Teachingbd24.com

ঘ. তোমার পাঠ্যবইয়ের আলোকে পলাশ ও সুজনের বক্তব্যের মধ্যকার পার্থক্য বিশ্লেষণ করো। ৪

৭. ▶ দৃষ্টান্ত-১:

সকল ধার্মিক ব্যক্তি হয় সুখী-A

∴ সকল সুখী ব্যক্তি হয় ধার্মিক- A

দৃষ্টান্ত-২

সকল কবি হয় মানুষ- A

∴ কিছু মানুষ হয় কবি- I

ক. আবর্তন কাকে বলে? ১

খ. I যুক্তিবাক্যের প্রতি আবর্তন সম্ভব নয় কেন? ২

গ. উদ্দীপকে দৃষ্টান্ত-১ আবর্তনের কোন নিয়মটি লঙ্ঘন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. আবর্তনের নিয়ম অনুসারে দৃষ্টান্ত-১ ও দৃষ্টান্ত-২ এর বৈধতা বিচার করো। ৪

৮. ▶ কামাল আর জামাল দুই ভাই। বাবার মৃত্যুর পর জমিজমা সংক্রান্ত দ্বন্দ্বে তারা আলাদা হন। গ্রামের বিশিষ্ট ব্যক্তি আরমান সাহেব জামাল ও কামালের সাথে আলাদাভাবে বসেন। এতে দুই ভাইয়ের দ্বন্দ্বের অবসান হয়। এরপর তারা আবার একত্রে বসবাস করতে লাগলো।

ক. সহানুমান কী? ১

খ. সহানুমানের সিদ্ধান্ত কেন আশ্রয়বাক্য থেকে বেশি ব্যাপ্য হয় না? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত আরমান সাহেবের ভূমিকা তোমার পাঠ্যবইয়ের আলোকে বুঝিয়ে লেখো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কামাল ও জামাল এবং আরমান সাহেবের তুলনাযোগ্য পদের আন্তঃসম্পর্ক বিশ্লেষণ করো। ৪

৯. ★ পাঠ-১ প্রাকৃতিক দুর্যোগের কারণে সারা বিশ্বে প্রতিবছরই ব্যাপক ক্ষয়ক্ষতি হয়ে থাকে। ২০১৬ সালে নেপালে মারাত্মক 'ভূমিকম্প' হানা দেয়। এতে দেশটিতে ক্ষয়ক্ষতি হয়।

পাঠ-২: ভারতের অধিকাংশ মুরগির খামারে বার্ড ফ্লুর আক্রমণ দেখা গেছে। বিজ্ঞানীরা গবেষণা করে প্রমাণ করেছে বার্ড ফ্লু একটি মারাত্মক ক্ষতিকর ভাইরাস। বিজ্ঞানীরা আরও প্রমাণ করেছে যে, বার্ড ফ্লু আক্রান্ত মুরগির মাংস মানবদেহের জন্য ক্ষতিকর।

Teachingbd24.com

ক. কারণ কী? ১
খ. কারণ ও শর্তের মধ্যে কী ধরনের সম্পর্ক বিদ্যামান? ২
গ. পাঠ-২ যুক্তিবিদ্যার কোন বিষয়টি নির্দেশ করেছে? বিশ্লেষণ করো। ৩
ঘ. পাঠ-১ ও পাঠ-২ এর মধ্যে পাঠ্যবই অনুসারে পার্থক্য আলোচনা করো। ৪

১০. ✪

মৃত্যু →
- → দুর্ঘটনা
- → কলেরা
- → ম্যালেরিয়া
- → সর্পদংশন
- → বিষপান

ক. আরোহের ভিত্তি কত প্রকার ও কী কী? ১
খ. 'সূর্য পূর্ব দিকে উদিত হয় এবং পশ্চিম দিকে অস্ত' যায় এখানে কোন ধরনের অনুপপত্তি ঘটেছে? ২
গ. উদ্দীপকে বর্ণিত বিষয়টির পাঠ্য পুস্তকের কোন বিষয়ের সাথে মিল আছে? তা আলোচনা করো। ৩
ঘ. আলোচ্য উদ্দীপকে যে বিষযটি ইঙ্গিত করেছে? বৈজ্ঞানিক দৃষ্টিকোণ থেকে তা কতটুকু গ্রহণযোগ্য? মতামত দাও। ৪

teachingbd24.com

১১. ▶জনাব জামাল উদ্দীন গত ফেব্রুয়ারি মাসে সপরিবার 'দিনাজপুর বাণিজ্য মেলায়' বেড়াতে যাচ্ছিলেন। মেলার কাছাকাছি এলে হঠাৎ আকাশে ঘন কালো মেঘ দেখা দেয় এবং মেঘের গর্জন শুনতে পান। এ সময় তিনি পথের পাশে 'তীর চিহ্ন' দেওয়া 'সামনে স্কুল' লেখা একটি প্লেকার্ড দেখতে পান। তখন অরা দিনাজপুর জেলা স্কুলের গেইটের ভিতর দিয়ে স্কুলে ঢুকে সেখানে আশ্রয় নেয়।
ক. সত্য সারণি বলতে কী বোঝ? ১
খ. প্রাকল্পিক বাক্যের সত্য সারণি লেখো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'প্লেকার্ডটি' কোন বিষয়টিকে ইঙ্গিত করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে যে দুটি বিষয়ের প্রকাশ পেয়েছে তাদের পার্থক্য লেখো। ৪

যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড | ১ | ২ | ১ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*বিশেষ দ্রষ্টব্য: —সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।*

১. ★ দ্বিকল্প সহানুমান কোন ধরনের অনুমান?
ক মিশ্র সহানুমান
খ অমিশ্র সহানুমান
গ শুদ্ধ প্রাকল্পিক সহানুমান
ঘ শুদ্ধ বৈকল্পিক সহানুমান

২. 'A' যুক্তিবাক্যকে প্রতিবর্তন করলে সিদ্ধান্ত পাওয়া যায়—
ক A যুক্তিবাক্য খ I যুক্তিবাক্য
গ E যুক্তিবাক্য ঘ O যুক্তিবাক্য

৩. 'কারণ হলো সদর্থক ও নঞর্থক শর্তসমূহের সমষ্টি- কথাটি কে বলেছেন?
ক বেইন খ মিল
গ এরিস্টটল ঘ ওয়েলটন

৪. কোন ধরনের যুক্তিবাক্যের কোনো বিধেয়ক সম্ভব নয়?
i. নঞর্থক যুক্তিবাক্য
ii. সদর্থক যুক্তিবাক্য
iii. বিশেষ যুক্তিবাক্য
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. কোন গুণটি মানুষ পদের উপলক্ষণ?
ক দানশীলতা খ হাস্যপ্রিয়তা
গ বিচক্ষণতা ঘ কর্মক্ষমতা

৬. কোন ধরনের যুক্তিবাক্যের উদ্দেশ্য ও বিধেয় পদ অব্যাপ্য—
ক সার্বিক সদর্থক যুক্তিবাক্য
খ সার্বিক নঞর্থক যুক্তিবাক্য
গ বিশেষ সদর্থক যুক্তিবাক্য
ঘ বিশেষ নঞর্থক যুক্তিবাক্য

৭. ★ 'যুক্তিবিদ্যা হলো দর্শনের সারসত্তা'- এ উক্তিটি কে করেছেন?
ক এরিস্টটল খ রাসেল
গ যোসেফ ঘ কপি

৮. ★ 'As Eb In Op' সূত্রটির প্রবক্তা কে?
ক এরিস্টটল খ পরফিরি
গ মিল ঘ সুইন বার্ণ

৯. ★ যুক্তিবিদ্যার প্রধান আলোচ্য বিষয় কী?
ক শব্দ. খ পদ
গ অনুমান ঘ যুক্তিবাক্য

১০. আরোহের প্রাণ হলো—
ক কার্যকারণ নিয়ম
খ পরীক্ষণ
গ আরোহ মূলক লম্ফ
ঘ প্রকৃতির নিয়মানুবর্তিতা নীতি

১১. আরোহের বস্তুগত ভিত্তি হলো—
ক কার্যকরণ নিয়ম
খ নিরীক্ষণ
গ প্রকৃতির নিয়মানুবর্তিতা নীতি
ঘ আরোহের কুটাভাস

১২. আরোহ অনুমানের সিদ্ধান্ত সবসময়ই আশ্রয়বাক্য থেকে—
i. বেশি ব্যাপক
ii. সমান ব্যাপক iii. কম ব্যাপক
নিচের কোনটি সঠিক?
ক i খ iii
গ i ও ii ঘ i, ii ও iii

১৩. সার্বিক সংশ্লেষক যুক্তিবাক্য কোন আরোহের সিদ্ধান্ত?
ক যুক্তিসাম্যমূলক আরোহ
খ বৈজ্ঞানিক আরোহ
গ অপ্রকৃত আরোহ ঘ ঘটনা সংযোজন

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**

মি. হুমায়ূন কয়েকজন জ্ঞানী লোকের হাতের লেখা খারাপ দেখে সিদ্ধান্ত গ্রহণ করলেন, সকল জ্ঞানী লোকের হাতের লেখা খারাপ।

১৪. ★ উদ্দীপকে মি. হুমায়ূনের যুক্তিতে কোন ধরনের অনুপপত্তি ঘটেছে?
ক দৃষ্টান্তের অনিরীক্ষণ
খ প্রয়োজনীয় বিষয়ের অনিরীক্ষণ
গ সার্বজনীন ভ্রান্ত নিরীক্ষণ
ঘ ব্যক্তিগত ভ্রান্ত নিরীক্ষণ

১৫. ★ মি. হুময়ূনের গৃহীত সিদ্ধান্ত হলো—
ক পরীক্ষণ নির্ভর খ নিরীক্ষণ নির্ভর
গ প্রকৃতির নিয়ম নির্ভর ঘ কার্যকারণ নিয়ম নির্ভর

Teachingbd24.com

১৬. ★ 'যদি তুমি বই পড় তাহলে তুমি বিশ্বকে জানবে'- এর প্রতীকায়িত রূপ হবে—
ক p.q খ $p \supset q$
গ $p \cong q$ ঘ $p \vee q$

১৭. ★ বৈকল্পিক চিহ্নের প্রতিকী রূপ হলো—
ক $\supset$ খ $\vee$
গ . ঘ $\cong$

১৮. সত্য সারণিতে p.q এর মান কখন সত্য হয়?
ক p সত্য এবং q সত্য হলে
খ p সত্য এবং q মিথ্যা হলে
গ p মিথ্যা এবং q সত্য হলে
ঘ p মিথ্যা এবং q মিথ্যা হলে

১৯. সকল সৎ মানুষের জাত্যর্থ কোনটি?
ক জীব বৃদ্ধি
খ জীব বৃত্তি + বুদ্ধি বৃত্তি
গ জীব বৃত্তি + যুক্তিবৃত্তি + সত্যতা
ঘ জীব বৃত্তি + বুদ্ধিবৃত্তি + সত্যতা

**নিচের উদ্দীপকে পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।**

জামাল তার ছোট ভাই কামালকে বলল, আমাদের জীবনে যেসব আত্মবিশ্বাস ও কুসংস্কার রয়েছে সেসব দূর করতে হবে। এজন্য চাই এমন বিষয়ে শিক্ষাগ্রহণ করা যা আমাদের বুদ্ধিবৃত্তি ও বিচার শক্তিকে শাণিত করে এবং অন্যের ভুল ধরতে সাহায্য করে।

২০. উদ্দীপকে জামালের বক্তব্যে কোন বিষয়ের প্রতিফলন ঘটেছে?
ক নীতি বিদ্যা খ মনোবিদ্যা
গ মূল্যবিদ্যা ঘ যুক্তিবিদ্যা

২১. উদ্দীপকে জামালের বক্তব্যে যে বিষয়ের প্রতিফলন ঘটেছে তার আদর্শ হলো—
i. সত্যতা
ii. সৌন্দর্য
iii. মঙ্গল
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

২২. ★ ঔচিত্য- অনৌচিত্য সম্পর্কিত আলোচনা করে কোন বিষয়?
ক অধিবিদ্যা খ যুক্তিবিদ্যা
গ নীতিবিদ্যা ঘ মূল্যবিদ্যা

২৩. ★ সমষ্টিবাচক পদ কোনটি?
ক পাঠাগার খ মানুষ
গ সততা ঘ শিক্ষক

২৪. ★ অজাত্যর্থক পদ কী?
ক যে পদের শুধু জাত্যর্থ থাকে
খ যে পদের শুধু ব্যক্ত্যর্থ থাকে
গ যে পদের ব্যক্ত্যর্থ ও জাত্যর্থ উভয়ই থাকে
ঘ যে পদের ব্যক্ত্যর্থ ও জাত্যর্থ একটি থাকে

২৫. ★ নিচের কোনটি বস্তুবাচক পদ?
ক মানুষ খ সততা
গ সুনাম ঘ ত্রিকোণত্ব

২৬. কমলালেবু পদটিকে বিবেচনা করা যায়—
i. সরল পদ হিসেবে
ii. সাপেক্ষ পদ হিসেবে
iii. নিরপেক্ষ পদ হিসেবে
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. নিচের কোনটি প্রথম সংস্থানের মূর্তি?
ক CELARENT খ CAMESTRES
গ CAMENES ঘ CESARE

২৮. তৃতীয় সংস্থানের বৈধ মূর্তির সংখ্যা হলো—
ক চারটি খ পাঁচটি
গ ছয়টি ঘ সাতটি

২৯. অমাধ্যম অনুমানের শ্রেণিবিভাগ কোনটি?
ক সহানুমান খ প্রতিবর্তন
গ দ্বিকল্প সহানুমান ঘ আরোহ

৩০. সহানুমানে সিদ্ধান্তের উদ্দেশ্য ও বিধেয় পদকে যথাক্রমে বলা হয়—
i. পক্ষ পদ
ii. সাধ্য পদ iii. হেতু পদ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

Teachingbd24.com

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | ক | ৫ | গ | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ক |

https://teachingbd24.com